

'IoT Based Public Transport Management System Using Quick Response (QR) Code for Smart City (Bus)' প্রজেক্ট



IoT Based Public Transport Management System উদ্ভাবনের জন্য Innovation Design and Entrepreneurship Academy থেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের দশ লক্ষ টাকার ফান্ড অর্জন।

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তৈরি 'IoT Based Public Transport Management System Using Quick Response (QR) Code for Smart City (Bus)' প্রজেক্ট মুজিব শতবর্ষ উপলক্ষে আয়োজিত 'মুজিব ১০০ আইডিয়া' প্রতিযোগিতা ২০২১-এ সেরা ৩০-এ স্থান করে নিয়েছে। এছাড়াও সিটি ইউনিভার্সিটি আয়োজিত Idea, Innovation & Invention প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অর্জন করে। প্রস্তাবিত এপ্লিকেশনটি বাস্তবায়নের জন্য গত ৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের Innovation Design and Entrepreneurship Academy (iDEA) হতে দশ লক্ষ টাকার ফান্ড অর্জন করেছে।



এই উপলক্ষে ৭ ফেব্রুয়ারি ২০২২, সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে প্রকল্পটি বাস্তবায়নে শিক্ষার্থীদের কাজের অগ্রগতি সম্পর্কে একটি প্রেজেন্টেশনের আয়োজন করা হয়। এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ সহ অন্যান্য শিক্ষক উপস্থিত ছিলেন।

উল্লেখ্য GO BANGLADESH এপ্লিকেশনটির টিম মেম্বার হিসেবে ছিলেন সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ জুলফিকার মাহমুদ, সাবেক শিক্ষক জাহিদুর রহমান এবং শিক্ষার্থী মোঃ মেহদী হাসান সৌরভ, জাহাঙ্গীর হোসাইন, রেজাউল করিম ও নিশাত মাহমুদ।